

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/6/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো রাজ্যের পুলিশের হেট ক্রাইমস টাস্ক ফোর্সকে (STATE POLICE HATE CRIMES TASK FORCE) নির্দেশ দিয়েছেন বে রিজের মেইলবক্সে ইহুদী-বিবোধী দেওয়াল লিখন সম্পর্কে তদন্তে সহায়তার জন্য

"আমি আমাদের রাজ্যে আরো একটি ইহুদী-বিদ্বেষের উদ্বেগজনক ঘটনা সম্পর্কে জেনে বিতুষ্ট, এবার এর শব্দগুলি ছিল 'সমস্ত ইহুদীদের মারো', 'ইজরায়েল' এবং 'ম্মারিও কুওমো' যা ব্লকলিনের বে রিজের মেইলবক্সে লেখা ছিল। ঘৃণাপূর্ণ শব্দ এবং ভীতিপ্রদর্শনমূলক ভাষার কোন স্থান্নেই আমাদের রাজ্যে এবং মেইলবক্সটি বদল করে নতুন একটি বসানো হয়েছে এই দেওয়াল লিখনের রিপোর্ট পাওয়ার পরে।

যথেষ্ট হয়েছে। আমরা আমাদের ধৈর্যের বাঁধ ভেঙে যাবার সীমায় পৌঁছে গেছি এবং ঘৃণ্য হিংসার ক্রিয়াকলাপগুলি বন্ধ হতে হবে। অসহনশীলতা এবং গোঁড়ামির বিরুদ্ধে লড়াই থেকে আমরা পিছিয়ে আসবো না এবং আমরা সেই সব ব্যক্তিবর্গের বিরুদ্ধে দাঁড়াবো যারা বিদ্বেষপূর্ণ ভাষা উদ্ভীরণ করেন এবং আমাদের রাজ্য জুড়ে ভয় ছড়ানোর চেষ্টা করেন।

নিউ ইয়র্কবাসী হিসেবে এবং একটি জাতি হিসেবে আমাদের অবশ্যই যে কোন আকারে ইহুদী-বিদ্বেষের নিন্দা করা উচিত। আমি নিউ ইয়র্ক স্টেট পুলিশের হেট ক্রাইমস ইউনিটকে নির্দেশ দিচ্ছি নিউ ইয়র্ক পুলিশ ডিপার্টমেন্টকে (New York Police Department, NYPD) কে এই ঘটনার বিষয়ে তদন্ত করতে সাহায্য করতে এবং সমস্ত প্রয়োজনীয় সংস্থান প্রদান করার উদ্দেশ্যে যা এর জন্য যারা দায়ী তাদের দায়বদ্ধ করতে দরকার।

এই সব চলমান ঘটনার সম্মুখীন হয়ে, যা আমাদের রাজ্যের মৌলিক কাঠামো নাড়িয়ে দিচ্ছে, আমরা আমাদের ক্ষমতায় যা আছে তা সবই করব সমস্ত নিউ ইয়র্কবাসীদের অবিরত নিরাপত্তা এবং তাদের প্রতি সমান আচরণ বজায় রাখার জন্য।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবক্লাইব করুন](#)